2953

I 2920 750 Rs.




Does not come under the perview ... (and R) Act 1976 as the land recorded in the R.S. Record as agricultural/Horticulture

Admissible Under rule 21 and also U/S 5(1)-14 of the W B L.R Act 1955 duly Stamped ~~Exempt from/does~~ not require Stamp duty under the Indian Stamp Act. 1899 Schedule I. A. No. 23 Fees Paid . . ---
P. fee 4/50 ...Paise in O.F.S Paid R. 139.50

Sub Registrar
Bidhannagar (Salt Lake City)

১৫০০০.০০ পনের হাজার টাকা পণে স্থাবর সম্পত্তির
**সাফ বিক্রয় কোবালা**

ক্রেতা : শ্রী সুরেন্দ্র প্রসাদ গুপ্ত পিতা মৃত শীতল প্রসাদ গুপ্ত জাতি হিন্দু পেশা চাকুরী সাং ৭ডি।১সি, বেলেঘাটা রোড, কলিকাতা - ১৫ ।

বিক্রেতা : শ্রী শম্ভু নাথ মন্ডল পিতা মৃত যুগল কৃষ্ণ মন্ডল জাতি হিন্দু পেশা জমিজমা সাং কৃষ্ণপুর থানা রাজারহাট, জেলা ২৪ পরগণা ।

কস্য সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে :—

জেনা ...

Serial No. 1097

Sold to Sri Surendra Prasad Gupta

Of 70/1C Balaghata Road

cal - 15

Calcutta Collectorate,

Treasury.

Dt. 22/4/1985

Treasurer.

Presented for registration at ...

Mon the 26th day of April

19 85 at the Sidhan Nagar

(Salt Lake City), Sub-Registry office

by Shambhu Nath Mandal

Executant / claimant / attorney for

authenticated by the

Registrar of

| | | |
|---|---|---|
| 1e | — | 850/– |
| 1e | — | 200/– |
| 1e | — | 40/– |
| 1e | — | 5/– |
| 1e | — | 1/– |
| | | 996/– |

Sub Registrar

Bidhannagar (Salt Lake City)

5659

Shambhu Nath Mandal

S/o. W/o Mangal Chandra Mandal

of ... Thana Rajarhat

Dt. 24-Parganas, by Caste Hindu

Muslim by Profession Service

Biswanath Naskar

S/o. W/o Baidyanath Naskar

... Thana Rajarhat

Dt. 24 Parganas, by Caste Hindu

Muslim by Profession Service

Sub Registrar

Bidhannagar (Salt Lake City)

200Rs.




: ২ :

জেলা ২৪ পরগণা থানা রাজারহাট সবরেজিস্ট্রী অফিস বিধাননগর পরগণা কলিকাতাস্থিত ২২৮। ২২১ নং তৌজি ভুক্ত মৌজা কৃষ্ণপুর গ্রামে হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেক্টার বাহাদুর অধিকারে প্রজার হাল ১০৭৪ নং খতিয়ান ভুক্ত ২.৫২ শতক জমিতে বার্ষিক ১৫. টাকা করের রায়ত দখলী স্বত্বীয় জমিজমার মধ্যে হাল ৩৬৭১ নং দাগের জমির মধ্যে ৩৮ শতক জমি যাহা ভীম চন্দ্র বিশ্বাস, ননী বালা দাসী ও মঙ্গলা বালা দাসী দিং এর স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তাহারা উক্ত সম্পত্তি খাসে ভোগদখল করিতে থাকাকালে দিপালী রানী বিশ্বাস মহাশয়াকে বিগত ইংরাজী ২০. ৯. ১৯৭১ তারিখে কাশীপুর দমদম সবরেজিস্ট্রী অফিসের ১ নং বহির ৬২ নং ভল্যুমের ২১৬ – ২২৩ নং পাতায়

নকলকৃত ...

40 Rs.

৪০রু.

सत्यमेव जयते

भारत

INDIA

FORTY RUPEES

40RS



নকলকৃত ৪৫১১ নং একক্তো রেজিষ্ট্রী কৃত দানপত্রের দ্বারা দান করিয়া দানকৃত সম্পত্তিতে সম্পূর্ণ রূপে খাসদখল দেন। উক্ত দীপালী রানী বিশ্বাস উক্ত সম্পত্তি দান সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগদখল করিতে থাককালে আমি অত্র দলিলের বিক্রেতা আমার বায়া শ্রী মতী রেনু বালা সাহা মহাশয়ার নিকট তাঁহার খরিদা জমির মধ্যে ৬ ছয় কাঠা জমি বিগত ইংরাজী ১০.৯.৭৬ তারিখে কাশী পুর দমদম সবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১১১ নং ভল্যুমের ৩১ – ৩৪ নং পাতায় নকলকৃত ৬২৫৩ নং একক্তো রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল দ্বারা বিক্রয় করিয়া দিয়া বিক্রিত জমিতে দখল বুঝাইয়া দেন। উক্ত জমি উক্ত রেনু বালা সাহা উপরোক্ত রূপে খরিদ করিয়া নিজ খাসে ভোগদখল করিতে থাককালে তাঁহার অর্থের বিশেষ প্রয়োজন হেতু তাঁহার খরিদা জমির মধ্যে স্থানীয় মাপের ৩ - ০ - ০´ তিন কাঠা জমি আমি অত্র দলিলের বিক্রেতা আমার নিকট বিগত ইংরাজী ২০.২.১৯৮২ তারিখে কাশী পুর দমদম সবরেজিষ্ট্রী অফিসের

১ ...

INDIA

पाँच रुपये

पाँच रुपये

सत्यमेव जयते

FIVE RUPEES भारत FIVE RUPEES

5 RS



১ নং বহির ৮৫ নং ভল্যুমের ১ – ১৮ নং পাতায় নকলকৃত ১৭৪৬ নং একক্তো রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল দ্বারা বিক্রয় করিয়া দিয়া বিক্রীত জমিতে খাসদখল দিয়া দেন । উক্ত জমি আমি উপরোক্ত রূপে খরিদ করিয়া মালিকের করাদী আদায় পূর্ব্বক নিজ খাসে ভোগবান ও মালিক দখলীকার নিযুক্ত আছি ও যাহা দান বিক্রয় করিবার আমার উত্তম স্বত্ব ও নিব্যূঢ় অধিকার বর্ত্তমান আছে ।

এক্ষণে নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে আমার নগদ টাকার বিশেষ প্রয়োজন দেখা দেওয়ায় উপরে লিখিত আমার খরিদা স্থানীয় মাপে ৩ - ০ - ০´ তিন কাঠা জমি এক নকসা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দ্দিষ্ট করিয়া বিক্রয় করিবার ঘোষণা দিলে আপনি ক্রেতা তাহা জানিতে পারিয়া নিম্ন তপশীল বর্ণিত জমি খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় ও বাজার দর সর্ব্বোচ্চ মূল্য মং ১৫০০০ , পনের হাজার টাকা দিতে চাহিলে আমি দাতা তাহা বাজার যাচাই মতে সর্ব্বোচ্চ জানিয়া আপনার

প্রস্তাবিত ...

1Re




: ৫ :

প্রস্তাবিত মূল্য সাব্যস্ত করিয়া অদ্য তারিখে আপনার নিকট্ হইতে মূল্যের সমুদয় ১৫০০০, পনের হাজার টাকা মাত্র এককালীন নগদ নিয়া জায় মত বুঝিয়া পাইয়া তপশীল সম্পত্তি আপনাকে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে আমি ও আমার ওয়ারিশ ও স্থলবর্ত্তীগণ ক্রমে এককালীন চিরনিঃস্বত্ত ও দখলচ্যুত হইলাম ও বিক্রীত জমিতে আমার যাহা কিছু স্বত্ত স্বামিত্ব লাভ লভ্য দখল অধিকার ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে অত্র কোবালা বলে আমার হইতে রহিত হইয়া আপনার অনুকূলে নিব্যূঢ় স্বত্বে পর্য্যাপ্ত হইল ।

আপনি অদ্য হইতে তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার নিব্যূঢ় স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান, ভোগবান ও মালিক দখলীকার হইয়া মালিকান সরকারে আপনার নিজ নাম পত্তনে ধার্য্যে খাজনাদি নিয়মিত আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ

ক্রমে ...

আপনাকে ...

ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে গৃহাদি নির্ম্মাণে বা যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে ও বসবাস করিতে থাকুন তাহাতে আমি আমার ওয়ারিশানগণ ক্রমে কেহ কোনদিন কোনরূপ দাবী দাওয়া বা ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা সর্ব্বত্র সর্ব আদালতে সর্ব্বোতভাবে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে, তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কাহাকেও দান বিক্রয় বা কোনরূপ হস্তান্তরাদি করি নাই বা করা নাই বা ইহা কোন মামলা মোকর্দ্দমা, একুইজিশান, রিকুইজিশান বা স্কীমের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা ঐ মর্ম্মে আমার উপর কোনরূপ নোটিশাদী জারী হয় নাই বা ইহা কোন দেবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে বা কোন লিয়েন বা লিসপেনডেন্সের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা ইহা কাহারও দেনার দায়ে বা খোরাকীর দায়ে নিলাম বিক্রয় হয় নাই বা আবদ্ধ নাই বা ইহা কোন মর্টগেজে আবদ্ধ সম্পত্তি নহে বা ইহাতে আমার অপর কোন সরিক বা অংশীদার নাই বা আমি কাহারও বেনামদার নহি। বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় আমার খাসদখলে থাকাকালে আপনার নিকট সাফ বিক্রয় করিলাম ও দখল বুঝাইয়া দিলাম।

যদি ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তির মধ্যে কোনটি ভুল মিথ্যা বা প্রবঞ্চতা প্রকাশ পাইয়া আপনার খরিদা খাস স্বত্ত দখলের কোন প্রকার ক্ষতি হয় বা বিঘ্ন ঘটে বা খরিদা স্বত্ত বা তাহার কোন অংশ হইতে বেদখল হয়েন, তাহা হইলে আমি আপনার যাবতীয় ক্ষয় ক্ষতি পূরণ সহ মূল্যের সমুদয় টাকা এককালীন বেওজরে

আপনাকে ...

বেওজরে আপনাকে বা আপনার ওয়ারিশানগণকে ফেরত দিতে আমি আমার ওয়ারিশানগণ ক্রমে বাধ্য ও স্বী কৃত রহিলাম। যদি আপোষে ফেরত না দিই, তাহা হইলে মাফিক আইন আমলে আসিব।

আরও প্রকাশ থাকে যে, ভবিষ্যতে অত্র কোবালা দলিলের কোনরূপ ভ্রম থাকা প্রকাশ পাইলে এবং তজ্জন্য ভ্রম সংশোধন দলিলের আবশ্যক হইলে অথবা অত্র কোবালার পোষকার্থে অপর কোন পরিপূরক দলিলের আবশ্যক হইলে আমি তাহা আমার ব্যয়ে আপনার তলব মতে যথাসময়ে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও স্বী কৃত রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, ভবিষ্যতে বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কোন মামলা মোকর্দ্দমায় আমার সাক্ষ্য জবানবন্দী দিবার আবশ্যক হইলে তাহা আমি আপনার ব্যয়ে আদালতে উপস্থিত হইয়া দিতে বাধ্য ও স্বী কৃত রহিলাম।

বিক্রীত জমির এক নকসা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দ্দিষ্ট করিয়া অত্র দলিলের সহিত দাখিল করিলাম। উক্ত নকসা দলিলের একাংশ বলিয়া গণ্য বা কার্য্যকরী হইবে।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে সরল মনে সজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র কোবালা দলিল পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং লিখিত পণের সমুদয় টাকা নিয় আয় মোতাবেক এককালীন বুঝিয়া পাইয়া অত্র কোবালা দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা সন ১৩৯২ সালের - ১৫ই- বৈশাখ ইংরাজী ২৯শে এপ্রিল ১৯৮৫ সাল।

## তপশীল সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা থানা রাজারহাট সবরেজিষ্ট্রী অফিস বিধাননগর পরগণা কলিকাতা স্থিত ২২৮।২২৯ নং মৌজি ভুক্ত মৌজা কৃষ্ণপুর গ্রামে জে.এল. নং ১৭, রে. সা. নং ১৮০ প্রজার সাবেক ১০৪৬ নং হাল ১০৭৪ নং খতিয়ান ভুক্ত রায়ত দখলী স্বত্বীয় জমিজমা –

দাগ নং সাবেক ৫৬১৬ ছাপান্ন শত ছিয়ানব্বই
দাগ নং হাল ৩৬৭৯ ছত্রিশ শত উনআশী

শালী .৫৭ শতক জমির মধ্যে আমার খরিদা ৬ কাঠা জমির মধ্যে ৩ তিন কাঠা জমি মাত্র অত্র কোবালার বিক্রীত স্বত্ব। বর্তমানে চাষ চলিতেছে।

অত্র দলিলের সহিত এক নক্সা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দিষ্ট করিয়া অত্র সহ দাখিল করিলাম। অত্র প্ল্যান অত্র দলিলের অংশ বলিয়া গণ্য হইবে। যাহার বাৎসরিক হারাহারী খাজনা ২৫ পয়সা।

### যাহার চৌহদ্দি

উত্তরে - রাস্তা

দক্ষিণে - হাল ৪০৩৭ নং দাগের জমি

পূর্বে - অত্র দাগের জমি

পশ্চিমে - হাল ৩৬৭৭ ও ৪০৪০ নং দাগের জমি

**টাকার জায়**

= ১০০.০০ টাকার নোট ১৫০ কেতায় ... মোট - ১৫,০০০.০০

পনের হাজার টাকা মাত্র ।

ইসাদী -

মুসাবিদাকারক

টাইপকারক

সুধীর সাহা,
সাহা টাইপ চেম্বার,
শ্যামবাজার, কলি - ৪ ।